

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

সম্পত্তি বিভাগ

সেন্ট্রাল পয়েন্ট, প্লট নং-২৩-২৬, রোড নং ৪৬, গুলশান-২, ১০ম তলা, ঢাকা।

স্মারক নং-৪৬.১০.০০০০.০২০.০০.৮৯১.১৭

তারিখঃ ২৬/১২/২০১৭খ্রিঃ

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

“নিলাম বিজ্ঞপ্তি” (মাছ বিক্রি)

- এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অঞ্চল-৫ এর আওতাধীন রায়ের বাজার কবরস্থানের ভিতরের জলাশয়ের মাছ (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় ভিত্তিতে) নিলামে বিক্রয়ের লক্ষ্যে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।
- নিলামের বিষয় ও সিডিউল মূল্য :

বিবরণ	সিডিউলের মূল্য
অঞ্চল-৫ এর আওতাধীন মোহাম্মদপুর রায়ের বাজার কবরস্থানের জলাশয়/ লেকের মাছ নিলামে বিক্রয়।	১০,০০০/-

- বায়নার টাকা/ আর্নেস্ট মানি : মোট উদ্ধৃত মূল্যের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) হারে বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হইতে বিডি/ পে-অর্ডার আকারে মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা এর বরাবরে জমা দিতে হইবে।
: সকল শ্রেণীর ঠিকাদার / ঠিকাদারী প্রতিষ্ঠান / ফার্ম / ব্যবসায়ী ও অস্থায়ী ব্যক্তি/ ব্যক্তিবর্গ।
- দরপত্র বিক্রয়ের স্থান : (১) প্রধান সম্পত্তি কর্মকর্তার কার্যালয়, ডিএনসিসি।
(২) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার দপ্তর, অঞ্চল- ১, ২, ৩, ৪ ও ৫, ডিএনসিসি।
(৩) হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, হিসাব বিভাগ, ডিএনসিসি।
- দরপত্র গ্রহণ এবং খোলার স্থান তারিখ ও সময় নিম্নরূপ : প্রধান সম্পত্তি কর্মকর্তার কার্যালয় গুলশান সেন্ট্রাল পয়েন্ট, ১০ম তলা, প্লট নং ২৩-২৬, রোড নং ৪৬, গুলশান-২ এবং সকল আঞ্চলিক কার্যালয়।

দরপত্র আহ্বানের পর্যায়ে	সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তব ও খাম খোলার তারিখ ও সময় (দরদাতা বা প্রতিনিধির উপস্থিতিতে যদি থাকে।)
১ম পর্যায়ে	: ১০/০১/২০১৮ খ্রিঃ	১১/০১/১৮ তারিখ সকাল ৯টা হতে দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত।	১১/০১/১৮ তারিখ দুপুর ২.৩০ টা।
২য় পর্যায়ে	: ২৪/০১/২০১৮ খ্রিঃ	২৫/০১/১৮ তারিখ সকাল ৯টা হতে দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত।	২৫/০১/১৮ তারিখ দুপুর ২.৩০ টা।
৩য় পর্যায়ে	: ৭/০২/২০১৮ খ্রিঃ	৮/০২/১৮ খ্রিঃ সকাল ৯টা হতে দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত।	৮/০২/১৮ খ্রিঃ দুপুর ২.৩০ টা।

- দরপত্র ক্রয়ের মূল রশিদ এবং ব্যবসায়/প্রতিষ্ঠানের ক্ষেত্রে সত্যায়িত আয়কর সনদ, ট্রেড লাইসেন্সের কপি দরপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।
- দরপত্র সিডিউলের শর্ত ও নিয়মাবলী অফিস চলাকালীন সময় নিম্ন স্বাক্ষরকারির অফিস হতে জানা যাবে এবং দরপত্রের ফরমসমূহ সংগ্রহের লক্ষ্যে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত সিডিউলমূল্য চালানের মাধ্যমে কর্পোরেশন তহবিলে জমা প্রদান পূর্বক সংশ্লিষ্ট অফিস হতে সিডিউল ক্রয় করতে পারবেন।
- নিলাম গ্রহীতা কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে পানি নিষ্কাশন না করে সকল মাছ ধরে নিতে বাধ্য থাকবেন। এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- এ বিষয়ে সকল প্রকার তথ্যের জন্য সম্পত্তি বিভাগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

(মোঃ আমিনুল ইসলাম)


প্রধান সম্পত্তি কর্মকর্তা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।

ফোন নং-৯৮৫০৯২২

জ্ঞাতার্থে/ কাযার্থে অনুলিপি প্রেরিত হল :

- সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং.....ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১, ২, ৩, ৪ ও ৫ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা (বহুল প্রচারের অনুরোধসহ)।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পুর সার্কেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা (বর্ণিত নিলাম দরপত্র বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা (বর্ণিত নিলাম দরপত্র বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায় প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- অফিস কপি।



প্রধান সম্পত্তি কর্মকর্তা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।